**রেজিস্টার্ড নং ডি এ-১**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, এপ্রিল ২৬, ২০১৬**

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৩ বৈশাখ, ১৪২৩ মোতাবেক ২৬ এপ্রিল, ২০১৬

নিম্নলিখিত বিলটি ১৩ বৈশাখ, ১৪২৩ মোতাবেক ২৬ এপ্রিল, ২০১৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে:—

## বা. জা. স. বিল নং ২৫/২০১৬

## বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান আইন, ১৯৯১ এর সংশোধনের লক্ষ্যে আনীত বিল

যেহেতু নিম্ন-বর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৯ নং আইন)-এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (সংশোধন) আইন, ২০১৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **১৯৯১ সনের ২৯ নং আইনের ধারা ৬-এর সংশোধন** ।—বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৯ নং আইন) এর ধারা ৬ এর—



**মূল্য** ঃ টাকা ৪.০০

(ক) উপ-ধারা (১)-এর "তিনজন" শব্দটির পরিবর্তে "চারজন" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (২) এর প্রান্তস্থিত দাড়ি (।) এর পরিবর্তে কোলন (:) প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা—

"তবে শর্ত থাকে যে, সার্বক্ষণিক সদস্যগণের মধ্যে দুইজন প্রতিষ্ঠানে কর্মরত প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তাদের মধ্য হইতে জ্যেষ্ঠতা এবং যোগ্যতার ভিত্তিতে নিযুক্ত হইবেন।"।

## উদ্দেশ্য ও কারণসম্বলিত বিবৃতি

বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান আইন, ১৯৯১-এর মাধ্যমে প্রতিষ্ঠিত হয়। স্পারসো গঠনের লক্ষ্য ও উদ্দেশ্য বিবেচনা করে দেখা যায় যে, এর পরিচালনা বোর্ড পুনর্গঠন করে বিজ্ঞান, প্রযুক্তি ও গবেষণাধর্মী কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ততা রয়েছে, এমন বিজ্ঞানী বা বিশেষজ্ঞদের বোর্ডে অন্তর্ভুক্ত করা হলে উহা প্রতিষ্ঠানের জন্য অধিকতর অগ্রগতি ও সাফল্য অর্জনে সহায়ক হবে। বিজ্ঞানী ও প্রকৌশলীগণই প্রতিষ্ঠানের কর্মের মূল স্রোতধারা। বোর্ডে তাঁদের প্রতিনিধিত্ব নিশ্চিত করা হলে তাঁরাও সম্মানিত বোধ করবেন এবং আরোপিত সংবিধিবদ্ধ দায়িত্ব পালনে উৎসাহিত ও অনুপ্রাণিত হবেন। মহাকাশ বিষয়ক বিজ্ঞান, প্রযুক্তি ও প্রয়োগের অনুশীলন ও চর্চা আরও বেগবান ও সমৃদ্ধ হবে। এ উদ্দেশ্যেই বিলটি উত্থাপন করা হচ্ছে।

**সৈয়দ আশরাফুল ইসলাম**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

**ড. মোঃ আবদুর রব হাওলাদার**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd